# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০২১ সালের চতুর্থ বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | : | ২৯ আগস্ট, ২০২১ |
| সময় | : | সকাল ১১-০০ টা |
| স্থান | : | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সেলিম মাহমুদ, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |
| উপস্থিতি | : | সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য। |

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম আরম্ভ করেন। উপস্থাপিত আলোচ্যসূচীর উপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

**আলোচ্যবিষয়-১:** ৩০ জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ।

**আলোচনা:** গত ৩০ জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২১ সালের তৃতীয় বোর্ডসভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। মোট ৪৫টি গৃহীত সিদ্ধান্তের বিপরীতে ৪৩টির উপর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৯৫.৫৫%। অবশিষ্ট দুইটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে। ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য ক্যাপ্টেন এম মনিরুজ্জামান, (ট্যাজ), এনজিপি, পিএসসি, বিএন, অধিনায়ক, বানৌজা হাজী মহসীন, ঢাকা সেনানিবাস ২০২১ সালের তৃতীয় বোর্ডসভার কার্যবিবরণী নিশ্চিত করার জন্য সমর্থন করেন।

**সিদ্ধান্ত:** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০২১ সালের তৃতীয় বোর্ডসভার কার্যবিবরণী নিশ্চিত করা হয় এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

**আলোচ্যবিষয়-২:** জুন ও জুলাই, ২০২১ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

**আলোচনা:** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জুন, ২০২১ মাসে ২,৪২,৩৯,৭১০/- (দুই কোটি বিয়াল্লিশ লক্ষ উনচল্লিশ হাজার সাতশত দশ) টাকা এবং জুলাই, ২০২১ মাসে ৬,২২,৫২,৭৬২/- (ছয় কোটি বাইশ লক্ষ বায়ান্ন হাজার সাতশত বাষট্টি) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০২১-২০২২ অর্থ বছরের প্রাক্কলিত আয় ২১,১৮,২৮,০০০/- (একুশ কোটি আঠার লক্ষ আটাশ হাজার) টাকার বিপরীতে জুলাই, ২০২১ পর্যন্ত রিবেটসহ আদায় হয়েছে ৬,২৩,৫২,৬৬০/- (ছয় কোটি তেইশ লক্ষ বায়ান্ন হাজার ছয়শত ষাট) টাকা, যা মোট দাবীর ২৯.৪৩%।

**সিদ্ধান্ত:**
- ২.১: জুন ও জুলাই-২০২১ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী অবলোকন করা হলো।
- ২.২: বোর্ডের আওতাধীন এলাকার বকেয়া রাজস্ব আদায় জোরদার করতে হবে।
- ২.৩: সঠিকভাবে রাজস্ব/দাবী এসেসমেন্ট করতে হবে।

**আলোচ্যবিষয়-৩:** জুন ও জুলাই-২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

**আলোচনা:**
- ৩.১: স্থানীয় আয়ের উৎস হতে জুন, ২০২১ মাসে ৩,৯৫,৮৯,০২৯/- (তিন কোটি পঁচানব্বই লক্ষ উননব্বই হাজার উনত্রিশ) টাকা এবং জুলাই, ২০২১ মাসে ৬,৯৬,৩৫,২৯৯/- (ছয় কোটি ছিয়ানব্বই লক্ষ পঁয়ত্রিশ হাজার দুইশত নিরানব্বই) টাকা আয় হয়েছে।
- ৩.২: মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় জুন, ২০২১ মাসে ১১,৫৩,৭১,৫৪৪/- (এগার কোটি তিপ্পান্ন লক্ষ একাত্তর হাজার পাঁচশত চুয়াল্লিশ) টাকা এবং জুলাই ২০২১ মাসে ৬,৯৬,৭৫,০৫৪/- (ছয় কোটি ছিয়ানব্বই লক্ষ পঁচাত্তর হাজার চুয়ান্ন) টাকা।
- ৩.৩: অপরদিকে জুন, ২০২১ মাসে সর্বমোট ব্যয় ১৫,২০,১৬,৮৯৫/- (পঁনের কোটি বিশ লক্ষ ষোল হাজার আটশত পঁচানব্বই) টাকা এবং জুলাই, ২০২১ মাসে সর্বমোট ব্যয় ৮,০৪,২৭,৯১৮/- (আট কোটি চার লক্ষ সাতাশ হাজার নয়শত আঠার) টাকা।

**সিদ্ধান্ত:** জুন ও জুলাই-২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো। আয়-ব্যয়ের হিসাব বিবরণী পরবর্তী কার্যক্রমের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৪: জুলাই-২০২১ মাসের স্বাস্থ্য বিবরণী অবলোকন।

আলোচনা: স্টেশন হেল্থ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, ঢাকা সেনানিবাস এলাকায় স্বাস্থ্যগত পরিবেশ-সন্তোষজনক। সঠিক স্বাস্থ্যগত পরিবেশ ও পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। সকলকে বাংলাদেশ আর্মি আদেশ ০৩/৯৬ কঠোরভাবে পালন করার জন্য উক্ত প্রতিবেদনে পরামর্শ দেয়া হয়। স্টেশন সদর দপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড ও ষ্টেশন হেল্থ অর্গানাইজেশন, ঢাকা কর্তৃক দৈনিক. মাসিক ও বিশেষ কর্মসূচীর মাধ্যমে ঢাকা সেনানিবাসের সকল এলাকায় নিয়মিত ভাবে মশা, মাছি ও কীটপতঙ্গ নিধনকারী ঔষধ ছিটানো হচ্ছে। এসবিএও ০৩/৯৬ অনুযায়ী ইউনিট/সংস্থান নিজস্ব এলাকায় এ্যন্টি ম্যালেরিয়া কার্যক্রম পরিচালনা করার জন্য উক্ত প্রতিবেদনে পরামর্শ দেয়া হয়। অতিমারী করোনার (কোভিড-১৯) কারণে ঢাকা সেনানিবাসে পরিষ্কার-পরিচ্ছন্নতা, উন্মুক্ত রাস্তায় নিয়মিত ব্লিচিং পাউডার ছিটানো ও স্বাস্থ্য সম্মত পরিবেশ নিশ্চিত করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডসহ ঢাকা সেনানিবাসের অন্যান্য সংস্থা নিরবচ্ছিন্নভাবে কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্ষা মৌশুমে সেনানিবাসের ড্রেনসমূহ নিয়মিত পরিষ্কার করা হচ্ছে। এছাড়াও স্টেশন সদর দপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন হেল্থ অর্গানাইজেশন এডিস মশার লার্ভা নিধনে ঢাকা সেনানিবাস ও সকল ডিওএইচএস এলাকায় নিয়মিত কার্যক্রম পরিচালনা করছে বলে সভায় অবহিত করা হয়।

সিদ্ধান্ত:

৪.১: সেনানিবাসের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়মিত তদারকি করতে হবে এবং মশা-মাছি ও কীট পতঙ্গ দমন কার্যক্রম নিয়মিত পরিচালনা করতে হবে। সেনানিবাস ও ডিওএইচএস এলাকায় ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে সর্বাত্মক কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৪.২: ঢাকা সেনানিবাসের ময়লা-আবর্জনা ফেলার স্থানে (Trenching Ground) ট্রাক যাওয়ার রাস্তা আপাতত: মেরামত করতে হবে এবং বর্ষা মওশুম শেষে পাকা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.৩: সংগৃহীত ময়লা অপসারণের সময় ট্রাকে ত্রিপাল/কাভার দিয়ে ঢেকে নিতে হবে।

আলোচ্যবিষয়-৫: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর/হেবা অনুমতি প্রসংগেঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ ডিক্লারেশন অব হেবা | সেনাসদর এর ছাড়পত্র | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী নং-৪৯/সি-১ ফ্ল্যাট নং-১/এ (২য় তলা পূর্ব), রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব জাহিদ আহমেদ চৌধুরী, পিতা-জিয়াউল ইসলাম চৌধুরী (জনাব নাজমুল ইসলাম চৌধুরী এর নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী নং-৪৯/সি-১, রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ব্রিগেঃ জেনাঃ মোঃ আশরাফুল ইসলাম, পিতা-মৃত মোঃ ওয়াহিদুল ইসলাম বর্তমান ঠিকানা: ১১/বি, চন্দ্রপ্রভা, নির্ঝর আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। স্থায়ী ঠিকানা- ৯৭/১, পূর্ব রাজারবাগ, বাসাবো, সবুজবাগ, ঢাকা-১২১৪। | ০৪ আগস্ট ২০২১ তারিখের ২৩.০১.৯০১.৮০ ০.০২.১২৯.০১৪ .১৫০.০৪.০৮.২ ০২১ নং পত্র। | ১২ জুলাই ২০২১ তারিখের ৩৯১৭/১/ প্লট নং-৪৯/সি/১ এমকিউ-২ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৫৫৬ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচ তলায় ০১ (এক) টি কারপার্কিং (পার্কিং নং-১/এ) এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ বিক্রয়/হস্তান্তর অনুমতি। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ২. | বাড়ী নং-৪৩/বি, ফ্ল্যাট নং-৫/সি (৫ম তলা দক্ষিণ) রোড নং-৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব মোঃ মিজানুর রহমান চৌধুরী, পিতা-মৃত হাবিবুর রহমান চৌধুরী, বাড়ী নং-৪৩/বি, ফ্ল্যাট নং-৫/সি, রোড নং-৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব মোহাম্মদ ইকবাল মোরশেদ, পিতা-মোঃ ইউনুছ মিয়া, বর্তমান ঠিকানাঃ ডিএনসিসি-বাড়ী নং-২৯, (৪র্থ তলা), উত্তর কাফরুল, থানা-কাফরুল, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। স্থায়ী ঠিকানা-গ্রাম: গোবিন্দপুর, পোঃ-পয়াত, থানা+উপজেলা-বুড়িচং, জেলা-কুমিল্লা। | ১৫ জুলাই ২০২১ তারিখের ২৩.০১.৯০১.৮০ ০.০৩.০২৮.০১. ০১৫.০৭.২১ নং পত্র। | ২৯ এপ্রিল ২০২১ তারিখের ৩৯১৭/১/ প্লট নং-৪৩/বি/এ মকিউ-২ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৪৫০ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচ তলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ বিক্রয়/হস্তান্তর অনুমতি। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্রস্তাবিত ফ্ল্যাটগুলো নিম্নবর্ণিতভাবে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্র নং | ক্যান্টনমেন্ট বাজার এলাকা প্লট/ফ্ল্যাট নম্বর | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম | ক্রেতা/গ্রহীতার নাম | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১. | বাড়ী নং-৪৯/সি-১ ফ্ল্যাট নং-১/এ (২য় তলা পূর্ব), রোড নং-১০ | জনাব জাহিদ আহমেদ চৌধুরী পিতা-জিয়াউল ইসলাম চৌধুরী (জনাব নাজমুল ইসলাম চৌধুরী এর নিযুক্তীয় আম-মোক্তার) | ব্রিগেঃ জেনাঃ মোঃ আশরাফুল ইসলাম, পিতা-মৃত মোঃ ওয়াহিদুল ইসলাম | প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ২. | বাড়ী নং-৪৩/বি, ফ্ল্যাট নং-৫/সি (৫ম তলা দক্ষিণ) রোড নং-৯ | জনাব মোঃ মিজানুর রহমান চৌধুরী, পিতা-মৃত হাবিবুর রহমান চৌধুরী | জনাব মোহাম্মদ ইকবাল মোরশেদ, পিতা-মোঃ ইউনুছ মিয়া | প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। |

আলোচ্যবিষয়-৬: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত ফ্ল্যাটসমূহ নামজারীর অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত:

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআইএর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী নং-১৫/সি, ফ্ল্যাট নং-৪/এ(৪র্থ তলা) রোড নং-২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন, ব্যবস্থাপনা পরিচালক, মোমেন রিয়েল এস্টেটস লিমিটেড (জনাব মুহাম্মদ ফারুক খান গং এর নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী নং-১৫১, ইস্টার্ন রোড, লেন-৪, ডিওএইচএস মহাখালী, ঢাকা-১২০৬। | জনাব মোঃ জাহিদ মিয়া, পিতা-মৃত আলহাজ্ব আব্দুল করিম মিয়া, মাতা-জবেদা খাতুন, বাড়ী নং-১৫/সি, ফ্ল্যাট নং-৫/বি, রোড নং-০২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা। তারিখ-০৪/০৩/২০১৮ | ১৯ জুলাই ২০১৬ তারিখের ২৩.০৫.৫০১.৩০ ০.১০.০২৯.০১.১ ৯.০৭.১৬/০১ নং পত্র। | ১৪ মে ২০১৫ তারিখের ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/ প্লট নং-১৫/সি/ফ্ল্যাট নং-৪/এ(৪র্থ তলা)/৭৯ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ৩৪২৫ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচতলায় ০২(দুই) টি কার পার্কিং (পার্কিং নং-৫ ও ৬) এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ নামজারীর অনুমতি। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ২. | বাড়ী নং-১৫/সি, ফ্ল্যাট নং-৫/বি (৫ম তলা) রোড নং-২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন, ব্যবস্থাপনা পরিচালক, মোমেন রিয়েল এস্টেটস লিমিটেড (জনাব মুহাম্মদ ফারুক খান গং এর নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী নং-১৫১, ইস্টার্ন রোড, লেন-৪, ডিওএইচএস মহাখালী, ঢাকা-১২০৬। | জনাব মোঃ ওয়াহিদ মিয়া, পিতা-মৃত আলহাজ্ব আব্দুল করিম মিয়া, মাতা-জবেদা খাতুন, বাড়ী নং-১৫/সি, ফ্ল্যাট নং-৪/এ, রোড নং-০২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা। তারিখ-০৪/০৩/২০১৮ | ১৯ জুলাই ২০১৬ তারিখের ২৩.০৫.৫০১.৩০ ০.১০.০২৯.০১.১ ৯.০৭.১৬ নং পত্র। | ১৪ মে ২০১৫ তারিখের ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/ প্লট নং-১৫/সি/ফ্ল্যাট নং-৫/বি(৫ম তলা)/৯০ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ৩৪২৫ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচতলায় ০২(দুই) টি কার পার্কিং (পার্কিং নং-১৫ ও ১৬) এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ নামজারীর অনুমতি। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্রস্তাবিত ফ্ল্যাটগুলো নিম্নবর্ণিতভাবে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর | বিক্রেতা/দাতার নাম | গ্রহীতা/ক্রেতার নাম | ফ্ল্যাটের আয়তন ও অন্যান্য সুবিধাদি | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী নং-১৫/সি, ফ্ল্যাট নং-৪/এ(৪র্থ তলা) রোড নং-২ | আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন ব্যবস্থাপনা পরিচালক, মোমেন রিয়েল এস্টেটস লিমিটেড (জনাব মুহাম্মদ ফারুক খান গং এর নিযুক্তীয় আম-মোক্তার) | জনাব মোঃ জাহিদ মিয়া পিতা-মৃত আলহাজ্ব আব্দুল করিম মিয়া, মাতা-জবেদা খাতুন | ফ্ল্যাটের আয়তন কমবেশী ৩৪২৫ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচ তলায় ০২ (দুই) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ | রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা জনাব মোঃ জাহিদ মিয়া, পিতা-মৃত আলহাজ্ব আব্দুল করিম মিয়া, মাতা-জবেদা খাতুন এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২. | বাড়ী নং-১৫/সি, ফ্ল্যাট নং-৫/বি (৫ম তলা) রোড নং-২ | আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন, ব্যবস্থাপনা পরিচালক, মোমেন রিয়েল এস্টেটস লিমিটেড (জনাব মুহাম্মদ ফারুক খান গং এর নিযুক্তীয় আম-মোক্তার) | জনাব মোঃ ওয়াহিদ মিয়া পিতা-মৃত আলহাজ্ব আব্দুল করিম মিয়া, মাতা-জবেদা খাতুন | ফ্ল্যাটের আয়তন কমবেশী ৩৪২৫ বঃ ফুঃ ০১ টি ফ্ল্যাট, বেজমেন্টে ০২টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত /অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ | রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা জনাব মোঃ ওয়াহিদ মিয়া, পিতা-মৃত আলহাজ্ব আব্দুল করিম মিয়া, মাতা-জবেদা খাতুন এর নামে নামজারীর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। |

আলোচ্যবিষয়-৭: রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক ব্লকের ২৩ (তেইশ) টি দোকানের মেয়াদ নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটের ১০(দশ) বছর মেয়াদী পার্ক ব্লকের ২৩ (তেইশ)টি দোকানের মেয়াদ আগামী ৩১ আগস্ট ২০২১ উত্তীর্ণ হবে। উক্ত দোকানসমূহের বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ-

| ক্র/নং | বরাদ্দলাভকারী/নামজারীসূত্রে মালিকের নাম | দোকান নম্বর | বরাদ্দের তারিখ | চলতি ইজারার মেয়াদ | সালামীর পরিমান | মেয়াদ উত্তীর্ণের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১। | মিসেস কামরুজ্জাহান বেগম | পার্ক/২৬ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ২। | নাঃ সুবেঃ রুহুল আমিন | পার্ক/২৭ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ৩। | মোঃ রেজাউল হক | পার্ক/২৯ | ৩০/৪/২০১৩ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ৪। | মোঃ লোকমান হোসেন | পার্ক/৩০ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ৫। | নাঃ সুঃ শামসুল হক | পার্ক/৩১ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ৬। | জনাব মোঃ নুরুল হক | পার্ক/৩২ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ৭। | নাঃ সুঃ জহির উদ্দিন মাহমুদ | পার্ক/৩৩ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ৮। | অঃ ক্যাঃ আঃ মান্নান | পার্ক/৩৪ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ৯। | ল্যাঃ নাঃ আঃ কাশেম | পার্ক/৩৫ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ১০। | মিসেস জুলেখা বেগম | পার্ক/৩৭ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ১১। | সেলিনা ইত্তিয়াজ আহমেদ | পার্ক/৩৮ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ১২। | সুঃ মেঃ মোঃ জয়নাল আবেদীন | পার্ক/৩৯ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ১৩। | সুবেঃ শামসুল আলম মোল্লা | পার্ক/৪০ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ১৪। | মেজর আ ক ম আজহারুল হক | পার্ক/৪১ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ১৫। | উইঃ কমাঃ মোঃ আনোয়ারুল হক | পার্ক/৪২ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ১৬। | মাঃ ওয়াঃ নূর মোহাম্মদ (অবঃ) | পার্ক/৪৩ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ১৭। | গার্নার মোঃ আঃ বারী | পার্ক/৪৪ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ১৮। | জনাব মোঃ আবুল বাশার মিয়া | পার্ক/৪৫ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ১৯। | জনাব মোঃ আবু বকর সিদ্দিক | পার্ক/৪৬ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ২০। | জনাব মিজানুর রহমান পাটোয়ারী | পার্ক/৪৭ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ২১। | উইং কমাঃ (অবঃ) মোঃ আনোয়ারুল হক | পার্ক/৪৮ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ২২। | সার্জেন্ট (অবঃ) এম এ ওয়াহিদ | পার্ক/৪৯ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |
| ২৩। | জনাব মোঃ নুরুল হক | পার্ক/৫০ | ৩১/৮/২০১১ | ১০ বছর | ৮৫,০০০/- | ৩১/৮/২০২১ |

উল্লেখ্য, ইতোপূর্বে রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক ব্লকের ২৫টি দোকানের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় বার্ষিক ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা হারে সালামীতে ০৫(পাঁচ) বছর মেয়াদে ইজারা/পুনঃবরাদ্দ প্রদান করা হয়েছে। এমতাবস্থায় উপরোক্ত দোকানসমূহের মেয়াদ বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক ব্লকের উল্লেখিত ২৩ (তেইশ) টি দোকান মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০৫(পাঁচ) বছরের জন্য বাৎসরিক ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সালামীতে পুন:ইজারা প্রদারের সিদ্ধান্ত গৃহীত হলো। রজনীগন্ধা সুপার মার্কেট, রজনীগন্ধা টাওয়ার, ক্যান্টনমেন্ট বোর্ড মার্কেট ও ভাগ্যকূলের উত্তর পার্শ্বের ৪তলা মার্কেটের ভাড়ার হার আশেপাশের মার্কেটের সাথে সমন্বয় করে পুন:নির্ধারণের সুপারিশ প্রণয়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলোঃ-

(ক) মেজর মোহাম্মদ মোহসেনুল হক -- সভাপতি
সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়া, ঢাকা সেনানিবাস।

(খ) আব্দুল্লাহ আল মামুন -- সদস্য
সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(খ) জনাব মোঃ ওমর ফারুক -- সদস্য-সচিব
রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

আলোচ্যবিষয়-৮: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১ম তলার ০৩ নং দোকান এবং ২৫ নং দোকানের আয়তন বরাদ্দকৃত আয়তন হতে কম হওয়ায় প্রকৃত আয়তনের সালামী জমা রেখে অবশিষ্ট সালামী ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১ম তলার ০৩ এবং ২৫ নং দোকান ০২টি ২০/০৭/২০ তারিখে প্রকাশ্য নিলামের মাধ্যমে ইজারা প্রদান করা হয়। উক্ত দোকান ০২টির সালামী ইতোমধ্যে পরিশোধপূর্বক বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দ গ্রহীতাগণ দোকান ০২টি বুঝিয়ে দেয়ার জন্য অত্র দপ্তরে ২১/০৪/২১ তারিখে আবেদন করেন। উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে দোকান ০২টি অত্র দপ্তরের প্রকৌশল শাখা কর্তৃক নিম্নেবর্ণিত পরিমাপ অনুযায়ী ১৬/০৬/২১ তারিখে বুঝিয়ে দেয়া হয়।

| ক্রঃ নং | দোকান নং | বরাদ্দগ্রহীতার নাম | বিক্রয়কৃত দোকানের আয়তন | সরেজমিনে পরিমাপকৃত আয়তন | দাখিলকৃত দর (প্রতি বর্গফুট) | সরেজমিনে দোকানের ভিতরের পিলারের আয়তন | দোকানের মোট আয়তন | পার্থক্য কম/বেশি |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ১ম তলা-০৩ | কর্নেল প্রফেসর মোঃ মোশারফ হোসেন (অবঃ) | ১৭৮.২৩ | ১৭৮.৫০ | ১৭,০৬০/- | ০৫.০০ বর্গফুট | ১৭৪.৫০ বর্গফুট | ৪.০০ বর্গফুট |
| ০২ | ১ম তলা ২৫ | মিসেস শাহিদা হোসেন | ১৩৬.৩৮ | ১৩৬.৮৯ | ১৭,০৫০/- | ০৪.৫৯ বর্গফুট | ১৩৩ বর্গফুট | ৪.০০ |

এমতাবস্থায়, উক্ত দোকান ০২টির বরাদ্দগ্রহীতাগণ কম বর্গফুটের জমাকৃত সালামী ফেরত চেয়ে ০১/০৭/২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১ম তলার ০৩ নং দোকান এবং ২৫ নং দোকানের বাস্তবিক আয়তন অনুযায়ী ইজারা প্রদান করা হয়েছে বিধায় মূল্য ফেরত প্রদানের অবকাশ নেই। সুতরাং মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১ম তলার ০৩ এবং ২৫ নং দোকানের বরাদ্দগ্রহীতার ০১/০৭/২১ তারিখের আবেদন বিবেচনা না করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৯: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৪র্থ তলার ১৮ নং দোকানটির ইজারা বাতিলপূর্বক জমাকৃত সমুদয় সালামী ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৪র্থ তলার ১৮ নং দোকানটি ১২/১২/২০১৮ তারিখে প্রকাশ্য নিলামের মাধ্যমে এয়ার কমোডর কাজী দেলোয়ার হোসেন এর নামে ইজারা প্রদান করা হয়। তিনি উক্ত দোকানের সমুদয় সালামী ১৮,৭৬,১০০/- (আঠার লক্ষ ছিয়াত্তর হাজার একশত) টাকার মধ্যে ৮,০৩,৫৩৬/- (আট লক্ষ তিন হাজার পাঁচশত ছত্রিশ) টাকা পরিশোধ করেছেন। অবশিষ্ট (১৮,৭৬,১০০- ৮,০৩,৫৩৬) = ১০,৭২,৫৬৪/- (দশ লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত চৌষট্টি) টাকা বকেয়া রয়েছে। উক্ত বকেয়া টাকা পরিশোধে অপারগতা প্রকাশ করে তিনি জমাকৃত সালামী ফেরত চেয়ে অত্র দপ্তরে ০১ আগষ্ট ২০২১ তারিখে আবেদন করেছেন।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৪র্থ তলার ১৮ নং দোকানের বরাদ্দলাভকারীর আবেদনের প্রেক্ষিতে এবং দোকান বরাদ্দ নীতিমালার শর্তানুযায়ী জামানত বাজেয়াপ্তসহ জমাকৃত কিস্তির অর্থ হতে ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৪র্থ তলার ১৮ নং দোকানটি পুন:ইজারা প্রদান করে বিক্রয়লব্ধ অর্থ হতে আবেদনকারীর অর্থ ফেরত প্রদান করতে হবে।

আলোচ্যবিষয়-১০: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৬ষ্ঠ তলার-২৮ নং দোকানের বিপরীতে প্রাপ্ত ইজারা দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস ইজারার নিমিত্ত ২৯ জুলাই, ২০২১ তারিখে প্রকাশ্য নিলাম আহ্বান করা হলে নির্ধারিত তারিখে নিলামে অংশ গ্রহণকারীদের মধ্যে নিম্নেবর্ণিত ০১ টি দোকানের বিপরীতে জনাব আনিসুর রহমান সর্বোচ্চ দর দাখিল করেন। যার বিবরণ নিম্নরূপঃ-

| ক্রঃ নং | সর্বোচ্চ ডাককারীর নাম | তলা ও দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্বৃত্ত দর | | ডাকে অংগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| | জনাব আনিসুর রহমান পিতা- মোহাম্মদ নেকবর আলী | ৬ষ্ঠ তলা-২৮ | ১৬১.৭৬ | ১২,০০০/- | ১২,১০০/- | ১৯,৫৭,২৯৬/- | ০৩ জন |

উক্ত দর সদয় অনুমোদনের জন্য বোর্ডসভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপাস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৬ষ্ঠ তলার-২৮ নং দোকানের বিপরীতে জনাব আনিসুর রহমান কর্তৃক দাখিলকৃত ১৯,৫৭,২৯৬/- (উনিশ লক্ষ সাতান্ন হাজার দুইশত ছিয়ানব্বই) টাকার সর্বোচ্চ দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-১১: রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে নতুন হার্ডস্ট্যান্ড এর একটি অংশে অস্থায়ী ভিত্তিতে ০২(দুই) বছর জন্য কাঁচামালের আড়ৎ পরিচালনার অনুমতি প্রদানের জন্য জনাব মোঃ জাহের হোসেন স্বপন এর ২৩ আগস্ট ২০২১ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটের কামারপট্রির পার্শ্বে নতুন হার্ডস্ট্যান্ড তৈরী করা হয়েছে। উক্ত হার্ডস্ট্যান্ডে মার্কেটের ভাসমান হকারদেরকে ইজারা/ব্যবসা করার অনুমতি প্রদান করা হয়। কিন্তু হকারগণ উক্ত হার্ডস্ট্যান্ডে না বসে মার্কেটের গলি পথে বসে কাঁচামাল এবং অন্যান্য ব্যবসা পরিচালনা করছে। অপরদিকে তৈরীকৃত হার্ডস্ট্যান্ডটি পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। উক্ত হার্ডস্ট্যান্ডের একটি অংশ দৈনিক ৫০০/-(পাঁচশত) টাকা হারে অস্থায়ী ভিত্তিতে ০২(দুই) বছর জন্য কাঁচামালের আড়ৎ করার অনুমতি চেয়ে জনাব মোঃ জাহের হোসেন স্বপন ২৩ আগস্ট ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: রজনীগন্ধা সুপার মার্কেটের কামারপট্রির পার্শ্বে নতুন হার্ডস্ট্যান্ডের স্থান চিহ্নিত করে ভাড়ায় কাঁচামালের আড়ৎ করার বিষয়ে এবং রজনীগন্ধা সুপার মার্কেটে হকারদের বসার স্থান পুনর্বিন্যাসের নিমিত্ত ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার বরাবর পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলোঃ-

(ক) জনাব মোঃ ওমর ফারুক -- সভাপতি
রেভিনিউ অফিসার (গ্রেড-১), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(খ) নাফিস হায়দার -- সদস্য
সহকারী প্রকৌশলী (সিভিল), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(গ) মোঃ মনির হোসেন পাটোয়ারী -- সদস্য
সিনিয়র কঞ্জারভেন্সী সুপারভাইজার, ঢাকা ক্যান্টনরমেন্ট বোর্ড।

আলোচ্যবিষয়-১২: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্ত নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত:-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও/ রাজস্ব শাখার ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১(১)। | লেঃ কর্ণেল এস এম আলী জেহাদ (অবঃ) | ২৯৯ | ডিওএইচএস মিরপুর | ২৫/০৮/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১(২)। | এডমিরাল এ এম এম এম আওরঙ্গজেব চৌধুরী | ৩০৮ | ডিওএইচএস মিরপুর | ৩০/০৬/২০২১ | |
| ১(৩)। | লেঃ কর্ণেল হাসান মাহমুদ (অবঃ) | ৭৮৯ | ডিওএইচএস মিরপুর | ১৯/০৮/২০২১ | |
| ১(৪)। | (ক) মেজর শাহপার খান শম্পা<br>স্বামী-শহিদ মেজর মুশতাক মাহমুদ<br>(খ) সামিন মাহমুদ (ছেলে)<br>(গ) সানজে মাহমুদ (মেয়ে)<br>(ঘ) সাজিন মাহমুদ (মেয়ে)<br>সর্বপিতা- শহিদ মেজর মুশতাক মাহমুদ | ৮৩৬ | ডিওএইচএস মিরপুর | ১২/০৮/২০২১ | |
| ১(৫)। | শামীমা আক্তার<br>স্বামী-লেঃ কর্ণেল মোঃ হাসিনুর রহমান (অবঃ) | ৮৪৬ | ডিওএইচএস মিরপুর | ১৭/০৮/২০২১ | |
| ১(৬)। | লেঃ কর্ণেল এস এম শামীম (অবঃ) | ৮৭৪ | ডিওএইচএস মিরপুর | ০৫/০৮/২০১৯ | |
| ১(৭)। | ব্রিগেঃ জেনাঃ এনামুল হক চৌধুরী (অবঃ) | ৮৯৯ | ডিওএইচএস মিরপুর | ২৩/০৮/২০২১ | |
| ১(৮)। | লেঃ কর্ণেল মোঃ সেকান্দার আলম তালুকদার (অবঃ) | ৯১৬ | ডিওএইচএস মিরপুর | ২৪/০৮/২০২১ | |
| ১(৯)। | কমডোর বশির উদ্দিন আহমেদ (অবঃ) | ৯১৮ | ডিওএইচএস মিরপুর | ১৯/০৮/২০২১ | |
| ১(১০)। | ব্রিগেঃ জেনারেল মির্জা এজাজুর রহমান (অবঃ) | ৯৩৯ | ডিওএইচএস মিরপুর | ২২/০৮/২০২১ | |
| ১(১১)। | (ক) ব্রিগেঃ জেনারেল দিদারুল আলম চৌধুরী (অবঃ)<br>(খ) লেঃ কর্ণেল মোঃ মিনহাজ আলী | ১১২৪<br>১১২৫ | ডিওএইচএস মিরপুর | ১২/০৮/২০২১ | |
| ১(১২)। | (ক) মেজর জেনারেল এ কে এম ওমর হাসান (অবঃ)<br>(খ) মেজর জেনারেল লীজা চৌধুরী | ১২৮৮ | ডিওএইচএস মিরপুর | ২০/০৮/২০২০ | |
| ১(১৩)। | উইং কমান্ডার মোঃ হুমায়ুন কবির (অবঃ) | ১৩২৩ | ডিওএইচএস মিরপুর | ১২/০৮/২০১৯ | |
| ১(১৪)। | বেগম শিরিন মেহবুবা গং | ২৮৭ | ডিওএইচএস মহাখালী | ২২/০৮/২০২১ | |
| ১(১৫)। | জনাব মোঃ শহীদুল্লাহ | ৪০ | মহাখালী সদর | ২৬/০৮/২০২১ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২(১)। | লেঃ কর্ণেল ওয়াহিদুর রহমান (অবঃ) | ৫৫৬ | ডিওএইচএস মিরপুর | ১৬/০৮/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৭ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ২(২)। | নিশাত আরা আজম<br>স্বামী- মরহুম গ্রুপ ক্যাপ্টেন সাইফুল আজম | ৩৮৫ | ডিওএইচএস বারিধারা | ২২/০৮/২০২১ | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা-০৬ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ২(৩)। | মিসেস জেবুন নাহার বেগম গং | ৪১৪ | ডিওএইচএস বারিধারা | ১২/০৮/২০২১ | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা-০৬ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ২(৪)। | জনাব সিরাজ মিয়া ও লুৎফা বেগম | ৪৩২ | ডিওএইচএস বারিধারা | ১১/০৭/২০২১ | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা-০৬ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ২(৫)। | ক্যাপ্টেন মোঃ মুসলিম উদ্দিন, বিএন (অবঃ) | ৫২৫ | ডিওএইচএস বারিধারা | ১২/০৮/২০২১ | সংশোধিত ০৭(সাত) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ ও ৭ম তলা-০৫ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ২(৬)। | মিসেস হোসনে আরা বেগম<br>স্বামী-মরহুম কর্ণেল মোজাম্মেল হোসেন | ৩৪/এ | ডিওএইচএস বনানী | ১২/০৮/২০২১ | সংশোধিত ০৬(ছয়) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা-০৫ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৩(১)। | কর্ণেল আবু সাইদ ইয়াহ্ ইয়া (অবঃ) | ১৮৬ | ডিওএইচএস মিরপুর | ১৬/০৮/২০২১ | সংশোধিত ০৭(সাত) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-২য় ও ৩য় তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট) |
| ৩(২)। | ব্রিগেঃ জেনারেল দেওয়ান সৈয়দ শওকত রাজা (অবঃ) | ২২১ | ডিওএইচএস মিরপুর | ১৭/০৮/২০২১ | সংশোধিত ০৭(সাত) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-৭ম তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট) |
| ৩(৩)। | ব্রিগেঃ জেনারেল এস এ এইচ এম তাওহীদ (অবঃ) | ২৮৬ | ডিওএইচএস বারিধারা | ১২/০৮/২০২১ | সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-প্রতি তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট) |
| ৪(১)। | ডাঃ সুরাইয়া চৌধুরী গং | সিবি-২৭৪ | কচুক্ষেত পুরান বাজার | ২১/০৬/২০২১ | নতুন ০৮(আট) তলা ভবন (পুরাতন ৩ তলা ভবন ভেঙ্গে) |
| ৪(২)। | মিসেস নাসিমা খান গং | সিবি-১৫০ | কচুক্ষেত পুরান বাজার | ২৬/০৮/২০২১ | নতুন ০৬(ছয়) তলা ভবন (পুরাতন ২ তলা ভবন ভেঙ্গে) |
| ৫(১)। | (ক) শেখ সাবিদ হাই অনিক ও শেখ রাফা হাই<br>(খ) শেখ আব্দুল হাই বাচ্চু ও মিসেস শেখ শিরিন আক্তার | ০৬ ও ৬/এ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ২২/০৮/২০২১ | বেজমেন্টসহ সংশোধিত ০৩(তিন) তলা (এক তলার উপর ২য় ও ৩য় তলা-০৪ তলার ফাউন্ডেশন দেয় আছে) |

আলোচনা: আলোচ্য বিষয়- ১২(১-২৭) নকশাগুলি অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন।

সিদ্ধান্ত: ১২.১। Land point of view-তে প্রযোজ্য ক্ষেত্রে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস এবং ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র সাপেক্ষে নিম্নোক্ত শর্তাধীনে ভবন নির্মাণের নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

১২.২। ক্রমিক নং-১ এ উল্লেখিত ১৫(পঁনের)টি প্লটে ৭ম তলার উপর ৮ম তলা নির্মাণের সংশোধিত নকশার আবেদন করা হয়েছে, যাদের ইতোপূর্বের অনুমোদিত নকশায় ০৮(আট) তলার ফাউন্ডেশন দেয়া ছিল। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্রকৌশলীর প্রত্যয়ন এবং প্লট মালিকের অঙ্গীকারনামা দাখিল সাপেক্ষে ০৮(আট) তলা ভবনের সংশোধিত নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

১২.৩। ক্রমিক নং-২ উল্লেখিত ০৬(ছয়)টি প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশাগুলো MIST কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। MIST কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

১২.৪। ক্যান্টনমেন্ট বোর্ডের কমিটি কর্তৃক সরেজমিন পরিদর্শন সাপেক্ষে ক্রমিক নং-৩ এ উল্লেখিত ০৩(তিন)টি প্লটের আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য প্রতিটি প্লটের সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রস্তুত ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে।

১২.৫। ক্রমিক নং-৪(১) এ উল্লেখিত নকশার বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখার মতামত সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৪(২) এ উল্লেখিত নকশার বিষয়ে অত্র দপ্তরের সহকারী প্রকৌশলী (সিভিল) জনাব নাফিস হায়দার অধিকতর যাচাই-বাছাই করে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার বরাবর প্রতিবেদন দাখিল করবেন।

১২.৬। ক্রমিক নং-৫ এ উল্লেখিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ ও ৬/এ নং প্লটে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ২৪/০৬/২০২১ খ্রি. তারিখের ৩৯১৭/১/এমকিউ-২/প্লট নং-০৬ ও ৬/এ স্মারক পত্রের মর্মানুযায়ী ০১(এক)টি বেজমেন্টসহ ০৩(তিন) তলা আবাসিক ইমারত নির্মাণ এবং নির্মাণের ক্ষেত্রে নিরাপত্তার স্বার্থে শহীদ সরণি সড়কের দিকে গেইট নির্মাণের পরিবর্তে পশ্চিমে শহীদ বদিউজ্জামান রোডমুখী গেইট রেখে নির্মাণ কাজ সম্পন্ন করার শর্তে সংশোধিত ৩(তিন) তলা (১ম তলার উপর ২য় ও ৩য় তলা) নির্মাণের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৩: বারিধারা ডিওএইচএস এলাকার ৪৮৭/এ নং প্লটে নির্মিত ঝুঁকিপূর্ণ ভবন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: বারিধারা ডিওএইচএস এলাকার ৪৮৭/এ নং প্লটের মূল ইজারা গ্রহীতা এয়ার কমডোর সৈয়দ সফিউজ্জামান (অবঃ) এর অনুকূলে ২৩/০১/২০০৬ তারিখের ঢাক্যাবো/জেনারেল/প্লট নং-৪৮৭/এ/ বারিধারা ডিওএইচএস/১২ নং পত্রের মাধ্যমে ০৬ তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। উক্ত প্লটে নির্মিত ভবনটি অনুমোদিত নকশা অনুসরণ ও বিদ্যমান বিধিমালা অমান্য করে নির্মাণ করা হয়েছে বিধায় ভবনটি বসবাসের জন্য ঝুঁকিপূর্ণ মর্মে প্লট মালিক অত্র দপ্তরে ২৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখের আবেদনপত্রের মাধ্যমে জানিয়েছেন। উক্ত ভবনের নিরাপত্তার স্বার্থে নির্মিত ভবনের ফাউন্ডেশন ও কলাম ত্রুটিপূর্ণ কিনা তা সরেজমিনে পরিদর্শন পূর্বক কারিগরী ভেটিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র দপ্তরের ১৩ এপ্রিল ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১৮.০৩.৯৮.বারিধারা-৪৮৭/এ.৫৭.২৭৪৫ নং পত্রের মাধ্যমে এমআইএসটিকে অনুরোধ জানানো হয়। সে প্রেক্ষিতে এমআইএসটি হতে ২০ জুন ২০২১ তারিখের সিএটিএস-এমআইএসটি/সিই/বারিধারা-৪৮৭/এ/০৬/২০২১ নং পত্রের মাধ্যমে জানানো হয় যে ভবনটির কিছু কলাম এবং ফাউন্ডেশন ঝুঁকিপূর্ণ। উক্ত পত্রের সাথে সংযুক্ত কারিগরী প্রতিবেদনে উক্ত ভবনটি নিরাপত্তার স্বার্থে নির্মিত ভবনের কলাম এবং ফাউন্ডেশনের রেট্রেফিটিং প্রস্তাবনা রয়েছে। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকার ৪৮৭/এ নং প্লটে নির্মিত ভবনের বিষয়ে এমআইএসটি'র ২০ জুন ২০২১ তারিখের সিএটিএস-এমআইএসটি/সিই/বারিধারা-৪৮৭/এ/০৬/২০২১ নং পত্রের মাধ্যমে প্রদানকৃত কারিগরী মতামত অনুযায়ী ভবন নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক নিরাপত্তার স্বার্থে নির্মিত ভবনের কলাম এবং ফাউন্ডেশনের রেট্রোফিটিং কাজ করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি প্লট মালিক, ভবন নির্মাণকারী প্রতিষ্ঠান এবং বারিধারা ডিওএইচএস পরিষদকে অবহিত করতে হবে।

আলোচ্যবিষয়-১৪: মিরপুর ডিওএইচএস এর ১৬০ নং প্লটে সংশোধিত ০৮(আট) তলার (আভ্যন্তরীন পরিবর্তন-৮ম তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট দেখানো হয়েছে এবং নিচতলায় কার পার্কিং অনুমোদিত নকশায় ০৮টি কিন্তু বর্তমানে ১০টি দেখানো হয়েছে) নকশা অনুমোদনের লক্ষ্যে উক্ত প্লটের কার পার্কিং সংখ্যা সরেজমিনে পরিদর্শনের জন্য গঠিত কমিটির প্রতিবেদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: বোর্ডসভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গঠিত কমিটি কর্তৃক মিরপুর ডিওএইচএস এর ১৬০ নং প্লটের কার পার্কিং ব্যবস্থা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। উক্ত প্লটে জমির পরিমাণ ০৪ কাঠা। যার বাহুর দৈর্ঘ্য ৬৪ ফুট ও প্রস্থ ৪৫ ফুট হিসেবে মোট আয়তন (৬৪X৪৫)=২৮৮০ বর্গফুট। প্রতিটি কার পার্কিং এর জন্য ১২০ বর্গফুট (কম/বেশি) এবং ড্রাইভওয়ের জন্য ১৩-৬´ প্রশস্ত জায়গা (কম/বেশি) প্রয়োজন। উক্ত প্লটে ড্রাইভার শেড রেখে ০৮টি কার পার্কিং এর ব্যবস্থা বহাল রাখা আবশ্যক। সে প্রেক্ষিতে মিরপুর ডিওএইচএস এর ১৬০ নং প্লটে ০৮টি কার পার্কিং এর ব্যবস্থা বহাল রেখে সংশোধিত ০৮(আট) তলার নকশা অনুমোদনের লক্ষ্যে দাখিল করার জন্য কমিটি কর্তৃক সুপারিশ করা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে এবং কমিটির সুপারিশ অনুযায়ী মিরপুর ডিওএইচএস এর ১৬০ নং প্লটে ০৮টি কার পার্কিং এর ব্যবস্থা বহাল রেখে সংশোধিত ০৮(আট) তলার নকশা অনুমোদনের নিমিত্ত ক্যান্টনমেন্ট বোর্ডে দাখিল করার জন্য প্লট মালিককে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৫: মিরপুর ডিওএইচএস এর ৮৮৩ নং প্লটে সংশোধিত ০৮(আট) তলার (আভ্যন্তরীন পরিবর্তন-৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট দেখানো হয়েছে এবং নিচতলায় কার পার্কিং অনুমোদিত নকশায় ০৮টি কিন্তু বর্তমানে ১০টি দেখানো হয়েছে) নকশা অনুমোদনের লক্ষ্যে উক্ত প্লটের কার পার্কিং সংখ্যা সরেজমিনে পরিদর্শনের জন্য গঠিত কমিটির প্রতিবেদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: বোর্ডসভার সিদ্ধান্তের আলোকে গঠিত কমিটি কর্তৃক মিরপুর ডিওএইচএস এর ৮৮৩ নং প্লটের কার পার্কিং স্থান সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। উক্ত প্লটে জমির পরিমাণ ০৪ কাঠা। যার বাহুর দৈর্ঘ্য-প্রস্থ (৪০ ফুট × ৭২ ফুট) হিসেবে মোট আয়তন ২৮৮০ বর্গফুট। প্রতিটি কার পার্কিং এর জায়গার পরিমাণ ১২০ বর্গফুট (কম/বেশি) এবং ড্রাইভওয়ের জন্য ১৩´-৬" প্রশস্ত জায়গা (কম/বেশি) প্রয়োজন। উক্ত প্লটে ড্রাইভার শেড রেখে ০৮টি কার পার্কিং এর ব্যবস্থা রাখা আবশ্যক। সে প্রেক্ষিতে মিরপুর ডিওএইচএস এর ৮৮৩ নং প্লটে ০৮টি কার পার্কিং এর ব্যবস্থা বহাল রেখে সংশোধিত ০৮(আট) তলার নকশা অনুমোদনের লক্ষ্যে দাখিল করার জন্য কমিটি কর্তৃক সুপারিশ করা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে এবং কমিটির সুপারিশ অনুযায়ী মিরপুর ডিওএইচএস এর ৮৮৩ নং প্লটে ০৮টি কার পার্কিং এর ব্যবস্থা বহাল রেখে সংশোধিত ০৮(আট) তলার নকশা অনুমোদনের নিমিত্ত ক্যান্টনমেন্ট বোর্ডে দাখিল করার জন্য প্লট মালিককে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৬: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগেঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১৬ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | **সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে মেরামত ও রং/চুন কাজ:** | | | |
| | (১) সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে শহিদ সরণিস্থ শহিদ জাহাঙ্গীর গেইট হতে ইউসুফ রোড ও স্বাধীনতা সরণিসহ (উভয় পার্শ্ব) সিগন্যাল গেইট হয়ে বালুঘাট গোল চত্বর এবং সিগন্যাল গেইট হতে আইএসএসবি(রাস্তার উভয় পার্শ্ব) হয়ে জিয়াকলোনী এমপি চেকপোষ্ট পর্যন্ত ৭৬৮টি নিরাপত্তা বাতির পোল, সিগন্যাল পোল, গার্ডেন লাইট, টিএন্ডটি বক্স ও নিরাপত্তা বাতির কন্ট্রোল বক্স রং ও নাম্বারিং করণ কাজ। | ৩,১৬,৩৬৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| | (২) সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে শহিদ জাহাঙ্গীর গেইট হতে স্বাধীনতা সরণির চৌরাস্তা পর্যন্ত এবং আর্মি এভিয়েশন হতে জাহাঙ্গীর গেইট আইল্যান্ড ফুলের চারী, বাসস্ট্যান্ড, গ্রীল, পাইপের রেলিং, চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৪,২১,৪৬০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| | (৩) সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে শহিদ লেঃ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল পর্যন্ত ডিভাইডার, এয়ার হাউজের নিকটস্থ বিউটি স্পট, শিখা অনির্বান, ঈদগাহ মাঠের গ্রীল, হাসপাতালের ওয়াল, বিউটি স্পট, পাইপের রেলিং চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৪,৮৭,৩৭৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| | (৪) সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতাল হতে স্টাফ রোড 'টি' ক্রস পর্যন্ত ফুটপাত আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, বিউটি স্পট, বাসস্ট্যান্ড, গ্রীল চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৩,০২,৭৭৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| | (৫) সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে স্টাফ রোড 'টি' ক্রস হতে উত্তর দিকে সিগন্যাল গেইট পর্যন্ত এবং পূর্বদিকে সমুন্নত স্বাধীতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ট্যাংক, কামান, ফুলের চারী, বিউটি স্পট, বাসস্ট্যান্ড, গ্রীল চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৩,০০,১৭৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| | (৬) সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ডিভাইডার, সাইনবোর্ড, গ্রীল, রজনীগন্ধা এমপি চেকপোষ্ট ও গাড়ী পার্কিং, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রং এর কাজ ও সাইনবোর্ড লিখার কাজে। | ২,২১,৪৩৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| | (৭) সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে শহিদ সরণির ও স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, ফ্লোর পেভড্ টাইলস ও ওয়াল ফেসিং ব্রিক/টাইলস্ হাইজেনিক ওয়াসকরণ কাজ। | ২,৭৮,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| | (৮) সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে ঢাকা সেনানিবাসের শহিদ সরণির ০৪টি এবং স্বাধীনতা সরণির ০১টি ফুটওভার ব্রিজ রংকরণ ও রাস্তার মাঝখানে এবং দুই পার্শ্বে প্লাষ্টিক রোড ডিভাইডার ধৌত, পরিস্কার, স্টীকার, রশি স্থাপন, আরসিসি রোড ডিভাইডার মেরামত ও রংকরণ কাজ। | ১,৯৭,৩৫৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৯) সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে শহিদ সরণির বীরশ্রেষ্ঠ শহিদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট হয়ে আইএসএসবি গেইট পর্যন্ত এবং স্বাধীনতা সরণির উভয় পার্শ্বে ফুটপাতের ভাঙ্গা পেভড্ টাইলস্ ও ফেসিং ব্রিকস্ পুনঃ স্থাপন (পেয়েন্টিংসহ), মেরামত কাজ। | ৩,৩৮,৮৭৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| | (১০) সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে মাটিকাটা এমপি চেকপোষ্ট হতে পূর্ব দিকে জিয়া কলোনী এমপি চেকপোষ্ট পর্যন্ত (ফ্লাইওভার বরাবর নিচে) ফুটপাত ও আইল্যান্ড (উভয় পার্শ্বে) মেরামত ও রংকরণ কাজ। | ৩,৭৫,২৪৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| | (১১) সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে শহিদ সরণি এবং স্বাধীনতা সরণির পটহোল মেরামত ও কার্পেটিং করণ কাজ। | ৬,৯১,৪২১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | |
| | (১২) সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ট্রাফিক নিয়ন্ত্রণ এর লক্ষ্যে স্টীকার দ্বারা লেখা সাইনবোর্ড এবং ডিভাইডারে ব্যবহারের জন্য বিভিন্ন মালামাল ক্রয় ও স্থাপন। | ৫,৫৫,৪৮২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (জনসাধারণের উন্নয়নমূলক খাত) | |
| | (১৩) সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে শহিদ সরণি, স্বাধীনতা সরণি ও অন্যান্য রাস্তায় রোড মার্কিং পেইন্ট দ্বারা মার্কিং কাজ। | ১০,০৭,৫৩১/- | বোর্ড তহবিল | |
| | (১৪) সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন প্রধান সড়ক, সকল এমপি চেকপোষ্ট এবং সেনানিবাসের অভ্যন্তরে সৌন্দর্য বর্ধন কার্যক্রম সম্পন্ন করার জন্য বিভিন্ন দ্রব্য সামগ্রী ক্রয় ও স্থাপন। | ২১,৫৫,৭৫৬/- | বোর্ড তহবিল | |
| | (১৫) সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে ট্রাফিক নিয়ন্ত্রণ কাজে বিভিন্ন দ্রব্য সামগ্রী ক্রয় ও স্থাপন কাজ। | ৯,৪৭,৬০০/- | বোর্ড তহবিল | |
| ২. | শহিদ সরণিস্থ সেনাসদরের বিপরীত পার্শ্বে ইলেকট্রিক পোলে স্থাপিত ডিজিটাল স্পিড চেক রাডার যন্ত্রাংশ দ্বারা মেরামত ও পুনঃস্থাপন কাজ | ৬৫,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঙ-২-খ) | |
| ৩. | স্বাধীনতা সরণিতে ভিভিআইপি যাতায়াতের কারণে (জাতীয় শোক দিবস) আইল্যান্ড ও ডিভাইডার রং/চুন দ্বারা উজ্জলকরণ কাজ। | ৮০,৫৪৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৪. | শহিদ সরণিস্থ শহিদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে ম্যানহোলের রডের জাল এবং ফুটপাতের সাইডে রডের জালী স্থাপন কাজ। | ২,১১,৬২৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | |
| ৫. | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পূর্ব পার্শ্বের খালি প্লটে (গরুর হাট) নিচু জায়গায় বালি ভরাট কাজ। | ১,১৮,০৬৫/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৬. | মিরপুর ডিওএইচএস এলাকায় প্লট নং-৮২১ হতে ১৩২৩ পর্যন্ত এলইডি স্ট্রীট লাইটের জন্য আর্থিং করণ। | ৫৪,৫০১/- | মেরামত রক্ষণাবেক্ষণ | |
| ৭. | রজনীগন্ধা টাওয়ারের ৫২৭০০wp অন গ্রীড সোলার সিস্টেম মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৩,২৫,৬৮২/- | বোর্ড তহবিল | স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ০৪ আগস্ট ২০২১ তারিখের পত্র। |
| ৮. | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-০১, ১৬, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৪, ২৫, ৩৪, ৩৫, জেনারেল মোস্তাফিজ সড়ক, লেক রোড, ইস্টার্ণ রোড, সেন্ট্রাল রোড এবং প্রধান সড়কের পটহোল মেরামতসহ কার্পেটিং কাজ। | ১১,১৭,৬৮৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | মহাখালী ডিওএইচএস পরিষদের ১০ ও ১৪ আগষ্ট ২০২১ তারিখের পত্র। |
| ৯. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৫/২ (নিচতলা) নং বাসার পূর্ব পার্শ্বে সিকিউরিটি গ্রীল স্থাপনসহ মেরামত ও রং করণ কাজ। | ৩,৬০,৭৩০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | রেহানা আক্তার, সহকারী শিক্ষক, মুসলিম মডার্ণ একাডেমী এর আবেদনপত্র। |
| ১০. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের ৫২/এ (নিচতলা দক্ষিণ পূর্ব পার্শ্ব) মেরামত ও রং করণ। | ১,৩৬,৫৪৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | আনিছুর রহমান, ড্রাইভার এর ১৪/৭/২০১৯ তারিখের আবেদনপত্র। |
| ১১. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৫২/বি (২য় তলা দক্ষিণ-পশ্চিম পার্শ্ব) বাসা মেরামত ও রং করণ। | ৪৭,৬১০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | আলাউদ্দিন ফরহাদ, ড্রাইভার এর ৩০/১১/২০২০ তারিখের আবেদনপত্র। |
| ১২. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৫/ডি-১ (৪র্থ তলা উত্তর পার্শ্ব) বাসা মেরামত ও রং করণ। | ১,২০,৯২২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | সানজিদা আক্তার, জুনিয়র শিক্ষিকা এর ১৪/১০/২০ ০ তারিখের আবেদনপত্র। |
| ১৩. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৪/জে বাসা মেরামত ও রং করণ। | ১,৭৭,৮৯৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | মুজিবুর রহমান, হেড মালী এর ১৪/১০/২০২০ তারিখের আবেদনপত্র। |
| ১৪. | মিরপুর ডিওএইচএস এর ৯৮২ নং প্লটের সামনে রোড নং-১৫ এর পিট, স্ল্যাব, ম্যানহোল মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৭৪,৩৩৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | ৯৮২ নং প্লট মালিকের ২৭/০৭/২০২১ তারিখের আবেদ পত্র। |
| ১৫. | মিরপুর ডিওএইচএস এর ৯ নং রোড ( মেইন রোড) এর বিভিন্ন স্থানে রাস্তা ফাটল/গর্ত মেরামত কাজ। | ৪,১৯,৩৭১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (জনসাধারণের উন্নয়নমূলক) | মিরপুর ডিওএইচএস পরিষদের ২৯/৭/২০২১ তারিখের পত্র। |
| ১৬. | ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ২৫টি শিশুপার্কের খেলনা সামগ্রী মেরামত ও রং করণ এবং প্রয়োজনে মাঠের নিচু স্থানে ভিটি বাল ভরাট করণ কাজ। | ৯,৮১,৭৫৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (জনসাধারণের উন্নয়নমূলক) | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | শহীদ সরণিস্থ গ্যারিসন ট্রাষ্ট ব্যাংকের সম্মুখে, পোষ্ট অফিস যাত্রী ছাউনীর ফ্লোরে এবং পোষ্ট অফিস ভবনের সম্মুখে পেভড্‌ টাইলস্‌ স্থাপনসহ দক্ষিণাংশে পিসিসি ঢালাই কাজ। | ১,২১,২৮৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | |
| ১৮. | মিরপুর ডিওএইচএস ওয়াসা নং-৩ এর উত্তর পার্শ্বে প্লাস্টিক ওয়্যারনেট দ্বারা ঘেরাওকরণ কাজ। | ১,৭৪,৬৫২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (জনসাধারণের উন্নয়নমূলক) | ঘটনোত্তর অনুমোদন। ১৯/৮/২০২১ তারিখের কার্য বৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ১৯. | রজনীগন্ধা টাওয়ার এর পূর্ব পার্শ্বে প্লাস্টার, টয়লেট এবং এসির ড্রেন পাইপ পরিবর্তনসহ রংকরণ কাজ। | ৩,৩৬,৯৫৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (বাজার) | |
| ২০. | ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস ২০২১ ও আসন্ন শীত মৌশুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের বীজ ক্রয়। | ১৬,০৫,৫০০/- | নৌ বাহিনী কঞ্জারভেন্সী- ১,৮৫,০০০/- বিমান বাহিনী কঞ্জারভেন্সী- ১,৯৩,৯০০/- উদ্যান, সাধারণ এবং বিএটিসি খাত হতে অবশিষ্ট- ১২,২৬,৬০০/- | ঘটনোত্তর অনুমোদন। ২৫/৮/২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২১. | ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস ২০২১ ও আসন্ন শীত মৌশুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের বীজ ক্রয় এবং চারা রোপণের জন্য বিভিন্ন মালামাল ক্রয়। | ৪,৯৯,৭৮৮/- | উদ্যান খাত | ঘটনোত্তর অনুমোদন। ০৯/৮/২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২২. | ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস ২০২১ ও আসন্ন শীত মৌশুম সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের বীজ এবং চারা রোপণের জন্য বিভিন্ন মালামাল ক্রয়। | ৪,৬২,৫৩২/- | সাধারণ কঞ্জারভেন্সী খাত | ঘটনোত্তর অনুমোদন। ১৬/৮/২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২৩. | ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস ২০২১ ও আসন্ন শীত মৌশুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের বীজ এবং চারা রোপণের জন্য ৬০(ষাট) দিনের জন্য দৈনিক ৫৭৫/- টাকা হারে ১৫(পঁনের) জন দৈনিক শ্রমিক নিয়োগ। | ৫,১৭,৫০০/- | উদ্যান খাত | ঘটনোত্তর অনুমোদন। ১৬/৮/২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২৪. | ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস ২০২১ ও আসন্ন শীত মৌশুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের বীজ এবং চারা রোপণের জন্য বিভিন্ন মালামাল ক্রয়। | ৩,১৫,৬০০/- | উদ্যান খাত | ঘটনোত্তর অনুমোদন। ১৮/৮/২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২৫. | সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের রোগী সেবার জন্য প্রদানকৃত নতুন এ্যাম্বুলেন্স নং-ঢাকা মেট্রো-ছ-৭১-৪৩৩২ এর সিএনজি/এলপিজি রূপান্তরকরণ। | ৬৪,৫০০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | পরিচালক (প্রশাসন) এর ১৯/৮/২১ তারিখের পত্র |
| ২৬. | কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-অ-১১-০৭৪৯ নং ট্রাকের খুচরা যন্ত্রাংশ ক্রয় ও মেরামত। | ২,৭০,০০০/- | বিএএফ কঞ্জারভেন্সী খাত | |
| ২৭. | কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-অ-১১-০০১৪ নং ট্রাকের খুচরা যন্ত্রাংশ ক্রয় ও মেরামত। | ২,২৬,৪৪০/- | সাধারণ কঞ্জারভেন্সী খাত | |

আলোচনা: ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত: আলোচ্যবিষয়-১৬ এ উল্লেখিত ৪১(একচল্লিশ)টি প্রকল্প নিম্নবর্ণিতভাবে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

১৬.১: মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে ক্রমিক নং-১৮, ২০, ২১, ২২, ২৩ ও ২৪ এ উল্লেখিত ৬(ছয়)টি প্রকল্প প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যেমে অনুমোদন করায় ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১(১) থেকে ১(১২), ২, ৩, ৪, ৫, ৬, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৯, ২৫, ২৬ ও ২৭ এ উল্লেখিত ৩১(একত্রিশ)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করা হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

১৬.২: ক্রমিক নং-১(১৩), ১(১৪), ১(১৫) ও ৭ ও এ উল্লেখিত ৪(চার)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করা হলো। উল্লেখিত প্রকল্পসমূহের মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনসহ প্রয়োজনীয় অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৭: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগেঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ঢাকা সেনানিবাসের স্টাফ রোড (শহীদ বাশার রোড) টি জংশন এলাকায় স্বয়ংক্রিয় সংকেত বাতি কেটে যাওয়ায় তা পরিবর্তন করে নতুন বাতি প্রতিস্থাপন কাজ। | ৩,২৪,০০০/- | আর এফ ইঞ্জিনিয়ারিং | ৩,২৪,০০০/- | বোর্ড তহবিল | |
| ২. | শহীদ বদিউজ্জামান রোডস্থ ক্যান্টনমেন্ট বোর্ড ডরমিটরী পুকুরের পূর্ব পার্শ্বে আরসিসি প্যালাসাইডিং করণ কাজ। | ৩৯,৩২,৬৭৯/- | মেসার্স ইকবাল বিল্ডার্স | ৩৯,৩১,৪৯৯/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ৩. | রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগি বাজার সংলগ্ন (পূর্ব পার্শ্বে) মুরগি জাবাইখানা তৈরি করণ কাজ। | ৬,১৪,৬২৭/- | মেসার্স সামি এন্টারপ্রাইজ | ৬,১৪,৬২৭/- | বোর্ড তহবিল | |
| ৪. | মিরপুর ডিওএইচএস এর দক্ষিণ পার্শ্বের (প্লট নং- ৪৪০ হতে ৪৫০ পর্যন্ত) বাউন্ডারী ওয়াল নির্মাণ ও উচ্চতা বৃদ্ধিকরণ কাজ। | ১১,৮৮,৬৯১/- | মেসার্স কাকলী স্যানিটারী | ১১,৮৬,৩১৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বোর্ড তহবিল | |
| ৫. | মিরপুর ডিওএইচএস এর রোড নং ১৩ (প্লট নং ৮৩৭ হতে ৮৫৯ পর্যন্ত) ড্রেনের' পিট উঁচু করণসহ পাইপ ড্রেন পরিষ্কার করণ কাজ। | ২,৪৯,৪৮০/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ২,৪৯,৪৮০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |
| ৬. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখার জন্য ০২টি ডেস্কটপ কম্পিউটার ও ০৩ টি প্রিন্টার ক্রয় করণ। | ২,২৪,৮০০/- | রাশিদা এক্সিম ইন্টারন্যাশনাল | ২,২৪,৮০০/- | প্রকৌশল শাখার নৈমিত্তিক খাত | |
| ৭. | ক্যান্টনমেন্ট বাজর এলাকার ৪ নং রোডের ১০১ (৩য় তলা উত্তরপার্শ্ব) বাসা মেরামত ও রক্ষণাবেক্ষণ, রং করণ কাজ। | ৮৫,৯৫৫/- | মেসার্স খান ট্রেডার্স | ৮৫,৯৫৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | |
| ৮. | ক্যান্ট বাজার এলাকার ৫ নং রোড সংলগ্ন খেলার মাঠে বিদ্যমান ওয়াকওয়ের প্রশস্থতা বৃদ্ধিকরণ, ০২ টি গোলপোষ্ট স্থাপন, বসার বেঞ্চ নির্মাণ, বালু ভরাট ও গেইট নির্মাণ কাজ। | ১৬,১৮,১৬১/- | মেসার্স এস টি কর্পোরেশন | ১৬,৬৫,১০৮/- | বোর্ড তহবিল | |
| ৯. | শহিদ বেলায়েত রোডের ৫৫ নং বাংলোর পশ্চিম-উত্তর কর্ণারে পানি নিস্কাশনের জন্য ড্রেন পরিষ্কারসহ মেরামত কাজ। | ৫৩,৮৬৩/- | মেসার্স মিম এন্টারপ্রাইজ | ৫৩,৭৮২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |
| ১০. | শহিদ সরণিস্থ গ্যারিশন বাসস্ট্যান্ড ও তৎসংলগ্ন এলাকার জলাবদ্ধতা দূরীকরণের জন্য ড্রেন পরিষ্কারসহ মেরামত কাজ। | ৪,৪৪,৯৭৬/- | মেসার্স সেঞ্চুরী ইন্টারন্যাশনাল | ৪,৪৪,৫৭৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |
| ১১. | শহিদ জাহাঙ্গীর গেইট এলাকা এবং বানৌজা হাজী মহসীন এলাকার জলাবদ্ধতা দূরীকরণের জন্য ড্রেন সংস্কার কাজ। | ৪,৩৪,৬৭৮/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৪,৩৪,৬৭৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |
| ১২. | সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের উত্তর পার্শ্বে দোকান সংলগ্ন বারান্দা ও সিঁড়িতে টাইলস স্থাপন কাজ। | ৩,২৮,৫৭১/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৩,২৮,৫৭১/- | বোর্ড তহবিল | |
| ১৩. | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের কক্ষ নং ২০১, ২০২, ২০৩, ৩০২ এ প্লাষ্টিক পেইন্ট করণ, ডেকোরেশন বোর্ড ও দরজায় পলিশ করণ, ২০৪ ও ৩০২ নং কক্ষে থাই জানালা স্থাপন, রেকর্ড রুমের টয়লেটে টাইলস করণ এবং ইলেকট্রিক ও স্যানিটারি কাজ। | ৩,৩৩,২৬০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৩,৩৩,০৯৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) | |
| ১৪. | হাজী মহসীন এর বিপরীত দিকে শহিদ সরণি সংযোগ হতে পশ্চিম দিকে রজনীগন্ধা চেকপোষ্ট পর্যন্ত (অফিসার্স মেস বি সংলগ্ন) ড্রেন পরিষ্কারসহ মেরামত কাজ। | ৯৮,২৭১/- | মেসার্স আরাফাত এন্টারপ্রাইজ | ৯৮,২৭১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |
| ১৫. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন শহিদ সরণি/স্বাধীনতা সরণিতে ডিজিটাল স্পীড চেক রাডার এবং ডিজিটাল স্ক্রলবার বাৎসরিক (২০২১-২০২২ আর্থিক সাল) মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৪,৮৩,০০০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ৪,৮১,৮০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (৬-২-খ) | |
| ১৬. | শহিদ বদিউজ্জামান রোডস্থ সিবি ২৭৯ নং প্লটের পূর্ব পার্শ্বে ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ০৪(চার) তলা ফাউন্ডেশনসহ ০২ তলা স্টাফ কোয়ার্টার নির্মাণ | ৯১,২০,৮৮৮/- | মেসার্স এস আর টি কনস্ট্রাকশন | ৯৫,৫৪,১৩০/- | বোর্ড তহবিল | |
| ১৭. | ক্যান্টমেন্ট বাজার এলাকার শহিদ বদিউজ্জামান রোডের ২/এ নং রোড সংলগ্ন ড্রেন পরিষ্কার, ড্রেন উঁচু করণ, স্ল্যাব নির্মাণ এবং পিট নির্মাণ কাজ। | ১,৫৫,৬৮১/- | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ১,৫৫,৬৮১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৮. | ঢাকা সেনানিবাসের শহিদ মঈনুল রোডের দক্ষিন পাশ্বে পদাতিক সরনিতে ১৬ বীর এর ০২ নং আরপি গেইটের উভয় পার্শ্বের স্পীড ব্রেকার নির্মাণ কাজ। | ৬১,১৫৬/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৬১,১৫৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | |
| ১৯. | বা বি বা ঘাটি বাশারের পরিচালনা শাখা এবং ২০৮ রক্ষণাবেক্ষণ ইউনিট এর মধ্যবর্তী স্থানে নতুন রাস্তা সংযোগ স্থলে শহিদ সরণিতে ১০০ ফুট আইল্যান্ড ভেঙ্গে যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত এবং সিটিটিবি গেইটের সামনে নতুন করে ৮০ ফুট আইল্যান্ড স্থাপন কাজ। | ১,৩৬,২৪০/- | মেসার্স সফিক ট্রেডিং কর্পোরেশন | ১,৩৬,১৭১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | |
| ২০. | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের বাসভবনের পশ্চিম পার্শ্বে ওয়াকওয়ে ও ০২ টি বেঞ্চ নির্মাণ কাজ। | ২,৩৪,১৫১/- | মেসার্স আমিন ব্রাদার্স | ২,৩৪,১৫১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘর-বাড়ী) | |
| ২১. | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সিইও'র রুমের টয়লেট এবং গেস্ট রুম, টয়লেটসহ সংস্কার মেরামত ও রংকরণ। | ২,৫১,৫৫৩/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ২,৫১,৫৫৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘর-বাড়ী) | |
| ২২. | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের উত্তর পশ্চিম পার্শ্বের বাউন্ডারী ওয়াল (সেনা ভবনের পার্শ্বে) মেরামত ও রংকরণ। | ৪৫,২১৯/- | মেসার্স সেঞ্চুরি ইন্টারন্যাশনাল | ৪৫,১৭৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘর-বাড়ী) | |
| ২৩. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৪/এ নং বাসা সংস্কার, মেরামত ও রংকরণ। | ২,৩২,৯৫৪/- | মেসার্স মিলন এন্টারপ্রাইজ | ২,৩২,৭২১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘর-বাড়ী) | |
| ২৪. | বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডের ড্রেন পরিষ্কার করণ কাজ। | ১,৯৯,৩৯১/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ১,৯৯,৩৯১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |
| ২৫. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার আর্মি ওয়েলফেয়ার ট্রাস্টের প্রধান কার্যালয় সংলগ্ন শহিদ বদিউজ্জামান রোডের পানি নিষ্কাশনের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড ডরমেটারীর পশ্চিম পার্শ্বে পুকুরের দক্ষিন পশ্চিম কর্নার হতে মিরপুর ১৪ লিংক রোড পর্যন্ত ড্রেন সংস্কার ও পরিস্কার করণ কাজ | ২,১৯,৩৫৭/- | মেসার্স আমিন ব্রাদার্স | ২,১৯,৩৫৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |
| ২৬. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোড সংলগ্ন ৩ নং রোডের ড্রেন সংস্কার ও মেরামত কাজ। | ১,৯৫,৪১৫/- | মেসার্স সামি এন্টারপ্রাইজ | ১,৯৫,৪১৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |
| ২৭. | ঢাকা ক্যান্টমেন্ট বোর্ডের প্রশাসনিক শাখার ০৫(পাঁচ)টি গাড়ির ব্যবহারের জন্য মবিল ক্রয় করণ। | ১,৮৬,৩০০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ১,৮৬,০০০/- | প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত | |
| ২৮. | সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের মালামাল সরবরাহ করণ। | ৬,৫২,৭১৫/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৬,৫২,৭১৫/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | |
| ২৯. | সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাবরেটরী মালামাল সরবরাহ করণ। | ১১,২১,০২৮/- | মেসার্স মনির এন্ড কোং | ৯,৯৭,৫২৮/- | হাসপাতালের ল্যাবরেটরী ফান্ড | |
| ৩০. | সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বৈদ্যুতিক ও বিভিন্ন মালামাল সরবরাহ করণ। | ১১,৩২,২১৩/- | মেসার্স রাশেদা এক্সিম ইন্টারন্যাশনাল | ১১, ২,২১৩/- | হাসপাতালের ল্যাবরেটরী ফান্ড | |
| ৩১. | সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের স্টেশনারী ও বিভিন্ন মালামাল সরবরাহ করণ। | ২,৪৩,১৭৮/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ২,৪৩,১৭৮/- | হাসপাতালের ল্যাবরেটরী ফান্ড | |
| ৩২. | সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আউটডোর ইনডোরের জন্য ঔষধ সরবরাহ করণ। | ৫,৫৪,৫০০/- | দি একমি ল্যাবরেটরীজ লিঃ | ২,১৮,৯৬৮/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | আংশিক ঔষধ সরবরাহের জন্য একটি মাত্র দর পাওয়া গেছে। |
| ৩৩. | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের উত্তর-পূর্ব দিকের ভবনের উত্তর পার্শ্বে বারান্দ নির্মাণ। | ৩,২১,৭৫৪/- | মেসার্স এম এইচ ইঞ্জিনিয়ারিং | ৩,৩৪,৪৬৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) | |

আলোচনা: আলোচ্যবিষয়-১৭ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা এবং সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সম্মুখে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত: ১৭.১: আলোচ্যবিষয়-১৭ এর ক্রমিক নং-৫, ৬, ৭, ৯, ১০, ১১, ১৩, ১৪, ১৫, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১ ও ৩৩ এ বর্ণিত ২৫(পঁচিশ)টি প্রকল্পের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

১৭.২: আলোচ্যবিষয়-১৭ এর ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৮, ১২ ও ১৬ এ বর্ণিত ৭(সাত)টি প্রকল্পের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

১৭.৩: ক্রমিক নং-৩২ এ উল্লেখিত প্রকল্পের বিপরীতে আংশিক ঔষধের জন্য একটিমাত্র দর পাওয়ায় উক্ত দরপত্র বাতিলপূর্বক পুন:দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৮: মিরপুর ডিওএইচএস এলাকার ৬২৭ নং প্লটে নির্মিত হেলে পড়া ঝুঁকিপূর্ণ ভবন খালি করা প্রসংগে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এর ৬২৭ নং প্লটে অত্র দপ্তরের ০৪ ফেব্রুয়ারি ২০০৯ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৬২৭/মিরপুর ডিওএইচএস/১১ নং পত্রের মাধ্যমে ০৬ তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। মিরপুর ডিওএইচএস পরিষদের ২২ ফেব্রুয়ারি ২০২১ তারিখের ৬২৭/ডিওএইচএস/মিরপুর নং পত্রের মাধ্যমে জরুরি ভিত্তিতে এমআইএসটি/বুয়েট থেকে সার্ভে করে ইমারতটি ঝুঁকি নিরূপন করার জন্য অনুরোধ জানানো হয়। সে প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৯ মার্চ ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১৮.০৩.০৫.মিরপুর-৬২৭.৪৩-১৪৫৯ নং পত্রের মাধ্যমে ইমারতের কারিগরী যোগ্যতা যাচাইয়ের জন্য এমআইএসটিতে প্রেরণ করা হয়। বোর্ডসভার সিদ্ধান্তের আলোকে অত্র দপ্তরের ১৮ মে ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১৮.০৩.০৫.মিরপুর-৬২৭.৪৭-২৮৫৪ নং পত্রের মাধ্যমে ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে ভবনটি খালি করে অত্র দপ্তরকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট প্লট মালিককে অনুরোধ করা হয়। ১৬ জুন ২০২১ তারিখের আবেদনপত্রের মাধ্যমে ৩০ জুন ২০২১ তারিখের পরিবর্তে ভেটিং রিপোর্ট পাওয়া পর্যন্ত ইমারতে (প্লট নং-৬২৭) বসবাসের অনুমতির জন্য প্লট মালিক অনুরোধ জানিয়েছেন। বিষয়টি গত ৩০ জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যবিষয়-২৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে মিরপুর ডিওএইচএস এর ৬২৭ নং প্লটে নির্মিত ভবনটি হেলে পড়ায় ঝুকিপূর্ণ ভবনে বসবাস করা নিরাপদ নয় বিধায় উক্ত ভবনে বসবাস করার অনুমতি প্রদান সমীচীন হবে না এবং এ বিষয়ে প্লট মালিক মিসেস উম্মে সালমা চৌধুরী, স্বামী- গ্রুপ ক্যাপ্টেন এম রেজাউল করিম তালুকদার (অবঃ) এর ১৬ জুন, ২০২১ তারিখের আবেদন বিবেচনা করার সুযোগ নেই এবং অবিলম্বে উক্ত ঝুকিপূর্ণ হেলে পড়া ভবনটি খালি করার সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ১৮ জুলাই, ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১৮.০৩.০৫.মিরপুর-৬২৭.৬০-৩১৪৬ নং পত্রের মাধ্যমে উক্ত ভবন খালি করার জন্য প্লট মালিককে পুনরায় অনুরোধ জানানো হয়। এছাড়াও ১৮ জুলাই, ২০২১ তারিখে অত্র দপ্তরের ২৩.২২.৭০০১.০১৮.০৩.০৫.মিরপুর-৬২৭.৬০-৩১৪৭ নং পত্রের মাধ্যমে ডিওএইচএস পরিষদ-কে এ বিষয়ে অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য, এমআইএসটির ২৩ আগস্ট, ২০২১ তারিখের সিএটিএস-এমআইএসটি/সিই/মিরপুর-৬২৭/০৮/২০২১ নং পত্রের মাধ্যমে উক্ত ভবন অনিরাপদ মর্মে মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত: ১৮.১: মিরপুর ডিওএইচএস এর ৬২৭ নং প্লটে নির্মিত হেলে পড়া ভবন সম্পর্কে এমআইএসটির ২৩ আগস্ট, ২০২১ তারিখের সিএটিএস-এমআইএসটি/সিই/মিরপুর-৬২৭/০৮/২০২১ নং পত্রের মাধ্যমে উক্ত ভবন অনিরাপদ মর্মে মতামত প্রদান করা হয়েছে বিধায় অবিলম্বে উক্ত ভবন খালি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

১৮.২: মিরপুর ডিওএইচএস এর ৬২৭ নং প্লটে নির্মিত ভবনটির বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে পুনরায় এমআইএসটির মতামত চেয়ে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৯: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (মাস্টার রোল) মেডিকেল টেকনোলজি(ল্যাব) পদে নিয়োগ প্রসংগে।

আলোচনা: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে অস্থায়ী জনবল নিয়োগের নিমিত্ত গঠিত কমিটি নিম্নবর্ণিত প্রার্থীকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নির্ধারিত বেতনে মেডিকেল টেকনোলজি (ল্যাব) এর শূন্য পদে নিয়োগের জন্য সুপারিশ করেছেনঃ-

| ক্র/নং | প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | পদের নাম | সর্বসাকুল্যে মাসিক বেতন | নিয়োগের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ রশিদ<br>পিতা-মোঃ আব্দুল আওয়াল<br>মাতা-মোছাঃ জোবেদা<br>গ্রাম-রেহাই পুকুরিয়া, ডাকঘর-মীরকুটিয়া, থানা-চৌহালী, জেলা-সিরাজগঞ্জ। | মেডিকেল টেকনোলজি (ল্যাব) | ১২,০০০/- (নির্ধারিত) | ০১/০৯/২০২১ |

সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পরিচালক (প্রশাসন) জানান, হাসপাতালে অস্থায়ী ভিত্তিতে কর্মরত মেডিকেল টেকনোলজি (ল্যাব) জনাব তারিকুল ইসলাম তার ব্যক্তিগত সমস্যার কারণে ৩১/০৮/২০২১ খ্রিঃ তারিখ হতে চাকুরী হতে ইস্তফা দিবেন। এপ্রেক্ষিতে হাসপাতালের প্যাথলজী পরিচালনা ও চিকিৎসা সেবা অব্যাহত রাখতে উক্ত পদের বিপরীতে উপরোক্ত সুপারিশকৃত প্রার্থীকে নিয়োগ প্রদান করা আবশ্যক। উক্ত প্রার্থীকে মেডিকেল টেকনোলজি (ল্যাব) এর শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (মাস্টার রোল) মাসিক নির্ধারিত ১২,০০০/- (বার হাজার) টাকা বেতনে আগামী ০১/০৯/২০২১ খ্রিঃ তারিখ হতে নিয়োগ করা যেতে পারে। উক্ত ব্যয় হাসপাতালের বেতন ভাতা খাত হতে সংকুলান করা হবে।

সিদ্ধান্ত: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (মাস্টার রোল) মেডিকেল টেকনোলজি(ল্যাব) পদে জনাব মোঃ রশিদ, পিতা-মোঃ আব্দুল আওয়াল-কে মাসিক সর্বসাকুল্যে ১২,০০০/- (বার হাজার) টাকা বেতনে ০১ সেপ্টেম্বর, ২০২১ তারিখ হতে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২০: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে পাচকের ০১ (এক) টি শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (মাস্টার রোল) নিয়োগের ঘটনোত্তর অনুমোদন প্রদান প্রসংগে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে নিম্নোক্ত প্রার্থীকে নামের পার্শ্বে উল্লেখিত পদ, মাসিক নির্ধারিত বেতন ও তারিখ হতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা তাঁর ১৫ জুলাই ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদন প্রদান করেন। কার্যবৃত্তপত্রের অনুমোদনের প্রেক্ষিতে উক্ত প্রার্থীকে বর্ণিত তারিখ অনুযায়ী নিয়োগপত্র ইস্যু করা হয়েছেঃ-

| ক্র/ নং | প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | পদের নাম | সর্বসাকুল্যে মাসিক বেতন | নিয়োগের তারিখ | নিয়োগকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ সাইম রহমান সাব্বির<br>পিতা-মোঃ গোলাম হোসেন<br>মাতা-নাদেরের নেছা | পাচক | ১২,০০০/- | ১৩/০৭/২০২১ হতে ১২/১২/২০২১ তারিখ পর্যন্ত | সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্ট: বোর্ড জেনারেল হাসপাতাল |

সিদ্ধান্ত: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে পাচকের ০১ (এক) টি শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (মাস্টার রোল) জনাব মোঃ সাইম রহমান সাব্বির, পিতা-মোঃ গোলাম হোসেন-কে মাসিক সর্বসাকুল্যে ১২,০০০/- (বার হাজার) টাকা বেতনে ১৩/৭/২০২১ তারিখ হতে ১২/১২/২০২১ তারিখ পর্যন্ত নিয়োগের ঘটনোত্তর অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২১: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে একজন বিশেষজ্ঞ (কার্ডিওলজিস্ট) দ্বারা ইসিজি রিপোর্ট করার অনুমোদন প্রসংগে।

আলোচনা: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল, ঢাকা সেনানিবাসের ০৩/০৮/২০২১ খ্রিঃ তারিখের এসকেএমসিবিজিএইচ/১৫৫ নং পত্রের মাধ্যমে ডাঃ কর্ণেল মোহাম্মদ আব্দুল মালেক-কে ০১/০৮/২০২১ খ্রিঃ তারিখ হতে হাসপাতালের ইসিজি রিপোর্ট করার অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়। ইতঃপূর্বে বোর্ড সভার অনুমোদন গ্রহণপূর্বক অত্র দপ্তরের ২৬/১২/২০১৯ খ্রিঃ তারিখের ২৩.২২.৭০০১.০১১.৯৪.০৯৪.১৫-৪৫৩ নং পত্রের মাধ্যমে ডাঃ কর্ণেল কবির উদ্দীন-কে ইসিজি রিপোর্ট করার অনুমোদন প্রদান করা হয়। তিনি অন্যত্র বদলী হওয়ায় তদস্থলে একজন কার্ডিওলজিস্ট-কে প্রাকটিস করার অনুমোদন দেয়া প্রয়োজন। উল্লেখ্য, ডাঃ কর্ণেল মোহাম্মদ আব্দুল মালেক, এমবিবিএস, এমসিপিএস, এফসিপিএস (মেডিসিন), এফসিপিএস (কার্ডিওলজি) উক্ত হাসপাতালে ইসিজি রিপোর্ট করার জন্য সম্মতি প্রকাশ করেছেন। হাসপাতাল পরিচালনা নীতিমালা অনুযায়ী প্রতিটি ইসিজি রিপোর্ট করার জন্য সংশ্লিষ্ট বিশেষজ্ঞ চিকিৎসক ১৫% হারে সম্মানী প্রাপ্য হবেন।

সিদ্ধান্ত: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে ইসিজি রিপোর্ট করার জন্য ডাঃ কর্ণেল মোহাম্মদ আব্দুল মালেক, এমবিবিএস, এমসিপিএস, এফসিপিএস (মেডিসিন), এফসিপিএস (কার্ডিওলজি)-কে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। হাসপাতাল পরিচালনা নীতিমালা অনুযায়ী প্রতিটি ইসিজি রিপোর্ট করার জন্য সংশ্লিষ্ট বিশেষজ্ঞ চিকিৎসক ১৫% হারে সম্মানী প্রাপ্য হবেন।

আলোচ্যবিষয়-২২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার ৪৮/এ, ভবন-১, (৫ম তলার দক্ষিণ পার্শ্বের ফ্ল্যাট) এর ডিসেম্বর/২০২২ পর্যন্ত বাসা ভাড়া মওকুফ করণ প্রসংগে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী এর সহকারী শিক্ষক (গণিত) জনাব মনোয়ার মাহমুদ গত ১৮/০৪/২০২১ খ্রিঃ তারিখে কভিড-১৯ করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকায় মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি স্বপরিবারে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪৮/এ (ভবন-১) নং স্টাফ কোয়ার্টারে বসবাস করতেন। মরহুমের স্ত্রী মিসেস ঝরনা আক্তার বর্তমানে উক্ত বাসায় ০১পুত্র ও ০৩ কন্যা সন্তান নিয়ে বসবাস করছেন। তাদের দুই মেয়ে শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজে এবং পুত্র সন্তান আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলে অধ্যয়নরত। তন্মধ্যে ০১ মেয়ে ২০২২ সালের এসএসসি পরীক্ষার্থী। এ প্রেক্ষিতে মরহুম মনোয়ার মাহমুদ স্ত্রী মিসেস ঝরনা আক্তার উক্ত স্টাফ কোয়ার্টার এর ভাড়া ডিসেম্বর, ২০২২ পর্যন্ত মওকুফের জন্য গত ১৮ মে, ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উল্লেখ্য, উক্ত শিক্ষকের পাওনাদী নিম্নবর্ণিতভাবে পরিশোধ করা হয়েছেঃ-

| ক্র/নং | পরিশোধের বিবরণ | পরিশোধিত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ছুটির নগদায়ন বাবদ | ৩ ৩৩,২২৪/- | |
| ২. | ভবিষ্য তহবিলের জমাকৃত অর্থ | ২,০২,৮৩৩/- | |
| ৩. | স্কুলের উন্নয়ন তহবিল হতে দাফন ও আনুষাঙ্গিক বাবদ | ৫০,০০০/- | |
| ৪. | বকেয়া বেতন ভাতাদি | পরিশোধিত | |
| ৫. | পেনশন কার্যক্রম | - | আবেদনের প্রেক্ষিতে কার্যক্রম গ্রহণ করা হবে |
| | মোট= | ৫,৮৬,০৫৭/- | |

সিদ্ধান্ত: ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষক/শিক্ষিকাগণ কর্মরত অবস্থায় মৃত্যু বরণ করলে সরকারী বাসায় অবস্থানের সময়সীমা ও সরকারী বাসার ভাড়ার বিষয়ে বিধি মোতাবেক প্রস্তাবনা পেশ করার জন্য নিম্নবর্ণিত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) লেঃ কর্নেল মোঃ মেজবাহ উদ্দিন খান, এএএন্ডকিউএমজি, সিএমএইচ, ঢাকা -- সভাপতি
(খ) মোঃ ছাইফুল ইসলাম, হিসাব রক্ষণ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য
(গ) জনাব মোঃ রবিউল ইসলাম, সহকারী সচিব (গ্রেড-১), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড-- সদস্য-সচিব

উক্ত কমিটির প্রতিবেদন/প্রস্তাবনার আলোকে মরহুম মনোয়ার মাহমুদ স্ত্রী মিসেস ঝরনা আক্তার এর আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে।

আলোচ্যবিষয়-২৩: ঢাকা সেনানিবাস এবং বিভিন্ন ডিওএইচএস এলাকায় কুকুর নিয়ন্ত্রণ।

আলোচনা: ঢাকা সেনানিবাস, মিরপুর সেনানিবাস এবং বিভিন্ন ডিওএইচএস এলাকায় বেওয়ারিশ কুকুরের উপদ্রব ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় স্টেশন সদর দপ্তর, সামরিক বাহিনী কমান্ড স্টাফ কলেজ, এডহক স্টেশন সদর দপ্তর মিরপুর, আর্মি এভিয়েশন গ্রুপ ও মিরপুর ডিওএইচএস পরিষদ হতে কুকুর নিধন/স্থানান্তর/ইনজেকশনের মাধ্যমে বন্ধ্যাকরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য, গত ৩০ জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়- ৪২বিবিধ(৩) এর মাধ্যমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর সহায়তায় মিরপুর ডিওএইচএস এলাকার কুকুরসমূহকে বন্ধ্যাকরণ ও জলাতঙ্ক প্রতিরোধক টিকা দান কর্মসূচী পরিচালনা করার জন্য অনুমতি প্রদান করা হয়েছে। বাস্তব অবস্থার প্রেক্ষিতে বয়স্ক কুকুর বন্ধ্যাকরণসহ ভ্যাক্সিন প্রদান এবং অসুস্থ কুকুরের চিকিৎসা প্রদানের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস এর ন্যায় উক্ত এলাকার বাসিন্দা লেঃ জেনারেল মোঃ মইনুল ইসলাম (অবঃ) এর সহায়তায় অন্যান্য ডিওএইচএস এবং ঢাকা সেনানিবাসে কুকুরসমূহকে বন্ধ্যাকরণ ও জলাতঙ্ক প্রতিরোধক টিকা দান কর্মসূচী পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৪বিবিধ-১: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে অপেক্ষাগার নির্মাণ।

আলোচনা: সেনানিবাসের সকল শ্রেণীর বাসিন্দাগণ বিভিন্ন নাগরিক সেবা গ্রহণের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আসেন। কিন্তু তাদের অপেক্ষা করার জন্য কোন নির্দিষ্ট স্থান না থাকায় উর্ধ্বতন কর্মকর্তা ও বয়োজ্যষ্ঠ নাগরিকগণকে প্রায়শই নানা অসুবিধার সম্মুখীন হতে হয়। সুষ্ঠুভাবে নাগরিক সেবা প্রদানের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে অপেক্ষাগার নির্মাণ করা প্রয়োজন।

সিদ্ধান্ত: আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত অপেক্ষাগার নির্মাণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। নকশা ও মূল্যানুমান প্রস্তুত করে দ্রুততম সময়ের মধ্যে অপেক্ষাগার নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।

২৪বিবিধ-২: শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পূর্ব পার্শ্বের বিল্ডিং (২য় তলা ভবন) এর নিলাম ডাকের মাধ্যমে ভেঙ্গে অপসারণ প্রসংগে।

আলোচনা: শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পূর্ব পার্শ্বের বিল্ডিং (২য় তলা ভবন) এর নিলাম ডাকের মাধ্যমে ভেঙ্গে অপসারণের জন্য ১৯ আগস্ট ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে নিম্নলিখিতভাবে একটি কমিটি গঠন করা হয়। ঘটনোত্তর অনুমোদনের জন্য উপস্থাপন করা হলোঃ

| | | |
|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট। | -- আহ্বায়ক |
| (২) | ১×প্রতিনিধি, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স শেরেবাংলা নগর, ঢাকা। | -- সদস্য |
| (৩) | ১×প্রতিনিধি, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস। | -- সদস্য |
| (৪) | ১×প্রতিনিধি, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- সদস্য |
| (৫) | জনাব মোঃ আবুবকর সিদ্দিক সহকারী প্রকৌশলী (সিভিল), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- সদস্য |
| (৬) | উপ-সহকারী প্রকৌশলী (পানি ও বিদ্যুৎ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- সদস্য |
| (৭) | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- সদস্য-সচিব |

সিদ্ধান্ত: শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পূর্ব পার্শ্বের বিল্ডিং (২য় তলা ভবন) নিলাম ডাকের মাধ্যমে ভেঙ্গে অপসারণের নিমিত্ত ১৯ আগস্ট ২০২১ তারিখে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যমে গঠিত কমিটি ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৪বিবিধ-৩: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন রাস্তার নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ এবং দুর্যোগকালীন ব্যবহারের জন্য একটি হাইড্রলিক বিম লিফটার ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা সেনানিবাসের শহিদ সরণি ও স্বাধীনতা সরণিসহ বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ডিওএইচএস ও মিরপুর সেনানিবাসে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নিরাপত্তা বাতি স্থাপন ও রক্ষণাবেক্ষণ করা হয়। অত্র দপ্তরের কোন হাইড্রোলিক বীম লিফটার না থাকায় অত্যাবশ্যকীয় এ সার্ভিস প্রদান করতে প্রায়শঃই নানা ধরণের সমস্যায় পড়তে হয়। উল্লেখ্য, ঢাকা সেনানিবাসের প্রধান সড়ক দিয়ে বিদেশী রাষ্ট্র প্রধানসহ ভিভিআইপিগণ যাতায়াত করে থাকেন। সার্বিক নিরাপত্তার স্বার্থে উক্ত সড়কগুলোতে সার্বক্ষণিক নিরাপত্তা বাতি সচল রাখা প্রয়োজন পড়ে। হাইড্রোলিক বীম লিফটারের সাহায্যে অতি দ্রুত ও সার্বক্ষণিক নিরাপত্তা বাতি সচল করা সম্ভব। বিদ্যুৎ সরবরাহ কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে একটি হাইড্রোলিক বীম লিফটার ক্রয় করা জরুরি। একটি হাইড্রোলিক বীম লিফটার সরাসরি প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড হতে ক্রয় করার লক্ষ্যে প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড এর ৩৬.০৯৩. ০০০০.৫১৫.৭৭.২৩.২০২১-৭৪ নং পত্রের মাধ্যমে ৯৭,২০,০০০/- (সাতানব্বই লক্ষ বিশ হাজার) টাকার একটি দরপত্র পাওয়া গেছে। উক্ত ব্যয় অনুদান/বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন রাস্তার নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ এবং দুর্যোগকালীন ব্যবহারের জন্য প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড হতে সরাসরি একটি হাইড্রলিক বিম লিফটার ক্রয়ের জন্য ৯৭,২০,০০০/- (সাতানব্বই লক্ষ বিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

২৪বিবিধ-৪: মিরপুর ডিওএইচএস এর ১১৫৯ নং প্লটে নির্মিত বাড়ীর গৃহকর ধার্যকরণ প্রসংগে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এর ১১৫৯ নং প্লটে নির্মিত বাড়ীর মালিক তাহিরা নিপা গং। তিনি অত্র দপ্তর হতে ১৯/১২/২০১৩ তারিখে ০৭ তলা বাড়ীর নকশা অনুমোদন করেন। উক্ত প্লটের মালিক তাহিরা নিপা এর স্বামী মেজর মকবুল হোসেন বিডিআর বিদ্রোহে শহীদ হয়েছেন। তিনি আবেদনে জানিয়েছেন যে,বাড়ীটি তিনি নিজে করেছেন। তারপর স্বামীর পেনশন ও সরকারী অনুদানে তিনি উক্ত প্লটের নির্মাণ কাজ ডিসেম্বর ২০১৭ মাসে ৪র্থ তলা পর্যন্ত বসবাসের জন্য উপযোগী করে সম্পন্ন করেন তাই তিনি বর্তমানে উক্ত প্লটে জানুয়ারী ২০১৮ হইতে ৪র্থ তলা পর্যন্ত গৃহকর পরিশোধ করতে ইচ্ছুক। উল্লেখ্য, গত ২২ ডিসেম্বর, ২০২০ সালে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৪ এর মাধ্যমে উক্ত প্লটের ২য় ও ৩য় তলায় ডিসেম্বর, ২০২০ তারিখ হতে গৃহকর ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায়, উক্ত প্লটে নির্মিত বাড়ীর ৪র্থ তলা পর্যন্ত গৃহকর জানুয়ারী ২০১৮ হতে নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: প্লট মালিকের আবেদনের প্রেক্ষিতে মিরপুর ডিওএইচএস এর ১১৫৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৪র্থ তলা পর্যন্ত গৃহকর জানুয়ারী ২০১৮ হতে নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৪বিবিধ-৫: কঞ্জারভেন্সী শাখার পুরাতন ঢাকা মেট্রো-অ-১১-০৭৪৯ এবং ঢাকা মেট্রো-অ-১১-০০১৪ ট্রাক দুটি অকেজো (Condemn) প্রসংগে।

আলোচনা: গত ৩০ জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৩৬ এর মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার পুরাতন ঢাকা মেট্রো-অ-১১-০৭৪৯ এবং ঢাকা মেট্রো-অ-১১-০০১৪ ট্রাক দু'টি অকেজো (Condemn) ঘোষণাপূর্বক নিলামে বিক্রির সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু নতুন ট্রাক ক্রয় না করে এক সংগে দু'টি ট্রাক অকেজো ঘোষণা করার কারণে ঢাকা সেনানিবাসের ময়লা-আবর্জনা সংগ্রহ ও অপসারণে মারাত্মক বিঘ্ন সৃষ্টি হচ্ছে। যার ফলে অক্লান্ত পরিশ্রম করেও সেনানিবাসের মান সম্মত পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা যাচ্ছে না। এ প্রেক্ষিতে হচ্ছে বিধায় উক্ত ট্রাক দু'টি মেরামতপূর্বক ব্যবহার করা যেতে পারে।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে সেনানিবাসের জরুরী পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজের স্বার্থে কঞ্জারভেন্সী শাখার পুরাতন ট্রাক (ঢাকা মেট্রো-অ-১১-০৭৪৯ এবং ঢাকা মেট্রো-অ-১১-০০১৪) দু'টির অকেজো (Condemn) ঘোষণা প্রত্যাহার করা হলো।

২৪বিবিধ-৬: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে মেডিকেল অফিসার ০৩ (তিন) টি শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (মাস্টার রোল) নিয়োগের অনুমোদন প্রদান প্রসংগে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে স্থায়ীভাবে লোক নিয়োগ না হওয়া পর্যন্ত নিম্নোক্ত প্রার্থীগণের নামের পার্শ্বে উল্লিখিত পদ, মাসিক নির্ধারিত বেতন ও তারিখ হতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য গঠিত কমিটির সুপারিশ প্রদান করেনঃ-

| ক্র/ নং | প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | পদের নাম | সর্বসাকুল্যে বেতন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | জনাব ডাঃ মোঃ জুলিয়ন পারভেজ<br>পিতা-মোঃ জালাল উদ্দিন<br>মাতা-আফরোজা সুলতানা<br>ঠিকানা-গ্রাম-দীঘা, ডাকঘর-পরেশনগর-৬৫৯৬, থানা-আত্রাই, জেলা-নঁওগা। | মেডিকেল অফিসার | ৩০,০০০/- | |
| ২। | জনাব ডাঃ রাফিয়া তাসনিম<br>পিতা-মোঃ আবুল বাশার<br>মাতা-তাসলিমা বারী<br>ঠিকানা-বাসা নং-২৬/এ, ফ্লাট নং-৩/এ<br>রোড নং-৪/এ, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। | মেডিকেল অফিসার | ৩০,০০০/- | |
| ৩। | জনাব ডাঃ আইরিন চৌধুরী জ্যোতি<br>পিতা-মোঃ হুমায়ুন কবির চৌধুরী<br>মাতা-রাশিদা আফরোজ মজুমদার<br>ঠিকানা-বাসা নং-৪/বি, রোড নং-০৪, ঢাকা ক্যান্টনমেন্ট ঢাকা-১২০৬। | মেডিকেল অফিসার | ৩০,০০০/- | |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে মেডিকেল অফিসার এর ০৩ (তিন) টি শূন্য পদের বিপরীতে কমিটি কর্তৃক সুপারিশকৃত উপরোল্লিখিত ০৩(তিন) জনকে মাসিক সর্বসাকুল্যে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা বেতনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (মাস্টার রোল) নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।
সংযুক্তঃ পরিশিষ্ট-'ক'

(কাজী মোহাম্মদ হাসান)
সেক্রেটারি, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট
ফোনঃ ৯৮৩৫৫৬৫, ই-মেইল : ceocbd@gmail.com

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সেলিম মাহমুদ, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট-'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন এম মনিরুজ্জামান, (ট্যাজ), এনজিপি, পিএসসি, বিএন<br>অধিনায়ক, বানৌজা হাজী মহসীন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ আহসানুর রহমান, জিইউপি, এএফডব্লিউসি, পিএসসি, জিডি(পি)<br>অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | লেঃ কর্নেল আমিরুল ইসলাম<br>ডিসিএমইএস (আর্মি)<br>প্রতিনিধি, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর মোহাম্মদ মোহসেনুল হক<br>প্রতিনিধি<br>এএএন্ডকিউএমজি, সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়া, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | লেঃ কর্নেল মোঃ মেজবাহ উদ্দিন খান<br>এএএন্ডকিউএমজি, সিএমএইচ, ঢাকা<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | মেজর রাশেদ মাহমুদ, আর্টিলারী<br>এডহক স্টেশন সদর দপ্তর, মিরপুর, ঢাকা<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (৭) | মেজর স্মৃতি দত্ত, আর্টিলারী<br>লজিস্টিকস্ এরিয়া এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (৮) | কর্নেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৯) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (১০) | জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |